

Vice-Chancellor's Award for Emerging Faculty



GUIDELINE



Research and Innovation Centre
Khulna University

Guideline for Vice-Chancellor's Award for Emerging Faculty

- ১। কেবল খুলনা বিশ্ববিদ্যালয়ে সক্রিয়ভাবে কর্মরত নবীন শিক্ষকগণ (লেকচারার, সহকারী অধ্যাপক এবং অনূর্ধ্ব ০৭ বছর চাকুরীকাল)।
Vice-Chancellor's Award for Emerging Faculty -এর জন্য বিবেচিত হবেন।
- ২। প্রতি বছর খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রতি স্কুলের একজন শিক্ষককে কেবল বিগত বছরে তার গবেষণা সাফল্য/আবদানের জন্য প্রতিযোগিতার ভিত্তিতে এই এ্যাওয়ার্ড প্রদান করা হবে।
- ৩। প্রতি বছর একবার খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক আগ্রহী শিক্ষকবৃন্দের নিকট থেকে বিগত এক (০১) পঞ্জিকা বছরে (০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর) তাদের গবেষণা বিষয়ক অর্জনের তথ্য অনলাইনে জমাধানের জন্য আহ্বান করা হবে। উল্লেখ্য, খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক গবেষণা প্রকাশনায় অত্র বিশ্ববিদ্যালয়ের Affiliation না থাকলে উক্ত প্রকাশনা এই Award প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।
- ৪। গবেষণার সাফল্য মূল্যায়নের ক্ষেত্রে প্রকাশিত গবেষণা প্রবন্ধের সংখ্যা ও মান, স্নাতক ও স্নাতকোত্তর গবেষণা তত্ত্বাবধান, গবেষণা প্রকল্পে সংশ্লিষ্টতা এবং প্যাটেন্ট বিবেচ্য হবে। তবে যদি কোন গবেষকের বিগত এক (০১) পঞ্জিকা বছরে (০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর) কোন প্রকাশনা না থাকে, তিনি Vice-Chancellor's Award for Emerging Faculty -এর জন্য বিবেচিত হবেন না।
- ৫। কোন শিক্ষকের পূর্ণগড় বেতনে শিক্ষা ছুটিতে থাকাকালীন সময়কেও Award প্রদানের ক্ষেত্রে সক্রিয় চাকুরীকাল হিসেবে বিবেচনা করা হবে।
- ৬। যে সকল শিক্ষকবৃন্দ Vice-Chancellor's Award for Emerging Faculty পেয়েছেন/পাবেন তাঁরা পরবর্তী তিন পঞ্জিকা বছরে এই পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
- ৭। সকল মূল্যায়নের ক্ষেত্রে ডিসিপ্লিন বহির্ভূত প্রকাশিত বই/প্রকাশনা/প্রকল্প সংশ্লিষ্টতা/প্যাটেন্ট সমূহ Vice-Chancellor's Award for Emerging Faculty এর জন্য বিবেচিত হবে না।
- ৮। Vice-Chancellor's Award for Emerging Faculty এর মূল্যায়নের ক্ষেত্রে সকল তথ্য শিক্ষকবৃন্দের বিশ্ববিদ্যালয়ের ব্যক্তিগত প্রফাইল (ku.ac.bd) থেকে গ্রহণ করা হবে।
- ৯। খুলনা বিশ্ববিদ্যালয়ের গবেষকবৃন্দের আবেদন মূল্যায়নের জন্য নিম্নরূপ কমিটি গঠিত হবে-

উপাচার্য মহোদয়	সভাপতি
সকল স্কুলের ডিনবৃন্দ	সদস্য
পরিচালক, গবেষণা ও উদ্ভাবনী কেন্দ্র	সদস্য সচিব

Vice-Chancellor's Award for Emerging Faculty প্রদানের ক্ষেত্রে উক্ত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

- ১০। গবেষণা প্রকাশনা মূল্যায়নের ক্ষেত্রে সারণী-০১ এ নির্দেশিত পদ্ধতি অনুসরণ করতে হবে

সারণী-০১

ক্র. নং	প্রকাশনার ধরন	প্রতি প্রকাশনার জন্য প্রদেয় নম্বর (ক)		প্রকাশনার সংখ্যা (খ)	প্রাপ্ত নম্বর
		একক/প্রথম লেখক/করসপন্ডিং অথর	সহ-লেখক		
i	বই (পাঠ্যবই/রেফারেন্স পুস্তক/ISSBN নাম্বার যুক্ত)	৩০	২০		
ii	ইমপ্যাক্ট ফ্যাক্টর ধারী এবং Clarative Analysis বা Scopus database-এ তালিকাভুক্ত গবেষণা জার্নালে প্রকাশিত প্রবন্ধ	১৫	১০		
iii	ইমপ্যাক্ট ফ্যাক্টর বিহীন তবে Clarative Analysis বা Scopus database-এ তালিকাভুক্ত গবেষণা জার্নালে প্রকাশিত প্রবন্ধ	১২	৯		
iv	খ্যাতনামা প্রকাশকের ছাপা সম্পাদিত বই/বুক চ্যাপ্টার	৯	৬		
v	পাবলিক বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গবেষণা জার্নালে প্রকাশিত প্রবন্ধ	৯	৬		
vi	পাবলিক বিশ্ববিদ্যালয়ের বিভাগ/অনুষদ/ইন্সটিটিউট ইত্যাদি - এর গবেষণা জার্নালে প্রকাশিত প্রবন্ধ	৬	৪		
vii	অন্যান্য গবেষণা জার্নালে প্রকাশিত প্রবন্ধ	৪	৩		
viii	Peer Reviewed সেমিনার/কনফারেন্স প্রদক্ষ (সহ-লেখক হিসাবে সর্বোচ্চ ০৩ টি)	৩	২		

১১। স্নাতক ও স্নাতকোত্তর গবেষণা তত্ত্বাবধান সংশ্লিষ্ট ক্ষেত্রে সারণী-২ অনুযায়ী মূল্যায়ন করা হবে। তবে, প্রতি পর্যায়ে সর্বোচ্চ ০৪ জন শিক্ষার্থীর গবেষণা তত্ত্বাবধায়নের জন্য স্কোর পাবেন।

সারণী-২

ক্র নং	বিবরণ	প্রতি তত্ত্বাবধায়নের জন্য প্রদেয় নম্বর (ক)		তত্ত্বাবধায়নের সংখ্যা (খ)	প্রাপ্ত নম্বর
		তত্ত্বাবধায়ক	সহ- তত্ত্বাবধায়ক		
i	PhD পর্যায়ের শিক্ষার্থী	৪	২		
ii	MS/MSc/MPhil পর্যায়ের শিক্ষার্থী	৩	১.৫		
iii	স্নাতক পর্যায়ের শিক্ষার্থী	২	১		

১২। অন্যান্য গবেষণা প্রকল্পে সংশ্লিষ্টতা মূল্যায়নের সারণী-৩ অনুসরণ করা হবে

সারণী-৩

ক্র নং	বিবরণ	প্রতি প্রকাশনার জন্য প্রদেয় নম্বর (ক)		প্রকল্পের সংখ্যা (খ)	প্রাপ্ত নম্বর
		মুখ্য গবেষক	সহ-গবেষক		
i	আন্তর্জাতিক সংস্থার অর্থায়নে গৃহীত/বাস্তবায়িত প্রকল্প	১০	০৫		
ii	দেশীয় সংস্থার অর্থায়নে গৃহীত/বাস্তবায়িত প্রকল্প	০৫	২.৫		

১৩। প্যাটেন্ট মূল্যায়নের জন্য সারণী-৪ অনুসরণ করা হবে

সারণী-৪

ক্র নং	বিবরণ	প্রতি প্যাটেন্টের জন্য প্রদেয় নম্বর (ক)		প্যাটেন্টের সংখ্যা (খ)	প্রাপ্ত নম্বর
		মুখ্য গবেষক	সহ-গবেষক		
i	Final Patent	৩০	১০		
ii	Provisional Patent	২০	৮		

১৪। প্রতি স্কুল থেকে একজন শীর্ষ নম্বর (সারণী ১-৪ এর যোগফল) অর্জনকারী গবেষক গবেষণা ক্ষেত্রে Vice-Chancellor's Award for Emerging Faculty এর জন্য মনোনীত হবেন। একই স্কুলে একাধিক গবেষক যৌথ ভাবে সর্বোচ্চ নম্বর অর্জন করলে একটি স্কুলে একাধিক Award দেওয়া যেতে পারে।

১৫। খুলনা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক অনুমোদনক্রমে Vice-Chancellor's Award for Emerging Faculty প্রদান করা যেতে পারে।